
জলদি বাংলাদেশে ভাগো ফের বিতর্কিত মন্তব্য শুভেন্দুর



শুভেন্দু সরকার। ছবি: সংগৃহীত

পশ্চিমবঙ্গে অবৈধ অনুপ্রবেশ ঠেকাতে কড়া অবস্থানে নেমেছে রাজ্য বিজেপি। দলটির নেতা শুভেন্দু অধিকারী দাবি করেছেন, অনুপ্রবেশকারীদের শনাক্ত করে দ্রুত দেশে ফেরত পাঠানোর জন্য প্রশাসন সক্রিয় হয়েছে। এ অবস্থায় সীমান্ত এলাকায় চাপ ও আতঙ্ক তৈরি হয়েছে বলে দাবি করা হচ্ছে।

তিনি বলেন, আটক ব্যক্তিদের আইনি জটিলতা ছাড়াই সরাসরি পুলিশ ও সীমান্তরক্ষী বাহিনীর মাধ্যমে হস্তান্তরের ব্যবস্থা নেওয়া হচ্ছে। ভারত–বাংলাদেশ সমঝোতা অনুযায়ী যাচাই শেষে তাদের ফেরত পাঠানোর প্রক্রিয়া চলছে বলেও তিনি উল্লেখ করেন।

শুভেন্দুর দাবি, দীর্ঘ সময় ধরে অবৈধভাবে অবস্থান করা ব্যক্তিদের কারণে রাজ্যের সম্পদ ও জনসেবায় চাপ পড়ছে। এই কারণ দেখিয়ে কঠোর পদক্ষেপকে তিনি রাজ্য ও জনগণের স্বার্থে প্রয়োজনীয় বলে মন্তব্য করেন।

এরই মধ্যে রাজ্যের স্বরাষ্ট্র দপ্তরের নির্দেশে বিভিন্ন জেলায় হোল্ডিং সেন্টার চালু করা হয়েছে, যেখানে আটক বিদেশিদের রাখা হচ্ছে। মালদা ও মুর্শিদাবাদে এমন কেন্দ্র চালুর পর সেখানে কয়েকজনকে আটক রাখার খবর পাওয়া গেছে।